রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**সম্প্রসারণ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১/১৩ জুন ২০২৪

নং **১২.০০.০০০০.০৫৩.২৩.০০২.২৪.৪৮**—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি নীতিমালা ২০১৯ এর ধারা ৯ এর আলোকে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি (এআইপি) ২০২১ সম্মাননা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত ব্যক্তিগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত করা হয়েছে :

বিভাগ 'ক'- কৃষি (উদ্ভাবন জাত/প্রযুক্তি)

নির্বাচিত-৪ জন

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ১ | ১ | জনাব এ. কে. এম. ফারায়েজুল হক আনসারী<br>পিতা: নজরুল ইসলাম<br>মাতা: বেগম নূরজাহান<br>গ্রাম: দক্ষিণ পাইকপাড়া, ডাকঘর: মিরপুর-১২১৬, থানা: মিরপুর, জেলা: ঢাকা। | প্রেসিডেন্ট, এগ্রিবিজনেস ডিভিশন, এসিআই লিমিটেড এবং ব্যবস্থাপনা পরিচালক এসিআই এগ্রোলিংক লিমিটেড, এসিআই মটরস লিমিটেড, প্রিমিয়াপ্লেক্স প্লাস্টিক লিমিটেড, এসিআই মেরিন এবং রিবারাইন টেকনোলজি লিমিটেড | এসিআই লিমিটেড এর কর্ণধার হিসেবে ৩৫ বছর যাবৎ কৃষির বিভিন্ন ক্ষেত্রে গবেষণা এবং সম্প্রসারণে অবদান রেখেছেন। এসিআই লিমিটেড ১৯৯৯ সালে সর্বপ্রথম দেশে হাইব্রিড ধানের প্রবর্তন করে এবং এ পর্যন্ত তাদের নিজস্ব গবেষণালব্ধ ১৩টি হাইব্রিড ধানের জাত বাজারজাত করেছে। |



মূল্য : টাকা ৮.০০

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ২ | ২ | জনাব এম. এ মতিন (মতিন সৈকত)<br>পিতা: মৃত মোঃ কেরামত আলী<br>মাতা: সাহানারা বেগম<br>গ্রাম: আদমপুর, পুটিয়া বাজার<br>ডাকঘর: রায়পুর-৩৫১৯<br>দাউদকান্দি, কুমিল্লা। | কৃষি উদ্যোক্তা | তিনি নিজ এলাকা দাউদকান্দি, কুমিল্লায় ২০০৬ সালে ১০,০০০ কৃষকদের নিয়ে আইপিএম-আইসিএম ক্লাব গঠন করেন। তার এই উদ্যোগের ফলে ২০১৭ সালে বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) দাউদকান্দি উপজেলাকে বিষমুক্ত নিরাপদ খাদ্য উপজেলা হিসেবে ঘোষণা করে। তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ তিনি ২০১০ ও ২০১৭ সালে বঙ্গবন্ধু কৃষি পদক এবং ২০২১ সালে জাতীয় পরিবেশ পদক পেয়েছেন। |
| ৩ | ৩ | জনাব মোঃ ওলি উল্লাহ<br>পিতা: মৃত কলিম উল্লাহ<br>মাতা: মোছাঃ সুফিয়া খাতুন<br>গ্রাম: শাহাপুর,<br>ডাকঘর: সরোজগঞ্জ বাজার,<br>উপজেলা: চুয়াডাঙ্গা সদর,<br>চুয়াডাঙ্গা। | স্বত্বাধিকারী,<br>জনতা ইঞ্জিনিয়ারিং,<br>সরোজগঞ্জ বাজার,<br>চুয়াডাঙ্গা। | তিনি সরকারি এবং আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানে যুক্ত হয়ে কৃষি যান্ত্রিকীকরণের ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন। কৃষি যন্ত্রপাতি তৈরি ও সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। |
| ৪ | ৪ | জনাব স্বপন কুমার দাশ<br>পিতা-মৃত নগেন্দ্রনাথ দাশ<br>মাতা-মৃত মনোরমা দাশ<br>গ্রাম ও ডাকঘর- বেতাগা,<br>উপজেলাঃ ফকিরহাট,<br>বাগেরহাট। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>ফকিরহাট, বাগেরহাট। | তিনি তাঁর এলাকায় ১২০ একর জমিকে রাসায়নিক সারের পরিবর্তে জৈব বালাইনাশক ব্যবহারের আওতায় নিয়ে আসেন। পরিবেশের ভারসাম্য রক্ষার্থে রাস্তার পাশে এবং পতিত জমিতে নিজস্ব উদ্যোগে বনজ ও ঔষধি (অর্জুন, বহেড়া) গাছ এবং বজ্রপাত নিরোধের জন্য খেজুরের চারা রোপণ করেন। |

বিভাগ 'খ' -কৃষি উৎপাদন/বাণিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প

নির্বাচিত-১০ জন

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ৫ | ১ | জনাব মোঃ ছানোয়ার হোসেন<br>পিতা: মোঃ জামাল হোসেন<br>মাতা: মোছা. আনোয়ারা বেগম<br>গ্রাম: মহিষমারা,<br>ডাকঘর: সুনামগঞ্জ<br>উপজেলা: মধুপুর,<br>জেলা: টাঙ্গাইল | কৃষি উদ্যোক্তা | কৃষি বিভাগের পরামর্শে তিনি উন্নতজাতের জাম্বুরা, আনারস, পেয়ারা, ড্রাগন, সৌদি খেজুর, ভিয়েতনামী খাটো জাতের নারিকেল, মিশরীয় ডুমুর ইত্যাদি বিভিন্ন অর্থকরী ফসলের বাগান গড়ে তুলেছেন। তাঁর উৎপাদিত ফসল দেশের বিভিন্ন জেলায় বিক্রির পাশাপাশি বিদেশেও রপ্তানি হয়। |
| ৬ | ২ | জনাব শাহীদা বেগম<br>পিতা: মোঃ জিন্নাত শেখ<br>মাতা: ছালেহা বেগম<br>গ্রাম: গোবিন্দপুর<br>ডাকঘর: অম্বিকাপুর-৭৮০২<br>উপজেলা: ফরিদপুর সদর<br>জেলা: ফরিদপুর। | কৃষি উদ্যোক্তা<br>স্বত্বাধিকারী<br>খাঁন বীজ ভান্ডার<br>উপজেলা: ফরিদপুর সদর<br>জেলা: ফরিদপুর। | তিনি পেঁয়াজ ও পেঁয়াজ বীজ উৎপাদনকারী উদ্যোক্তা। তিনি ২০২০-২০২১ অর্থ বছরে পেঁয়াজ বীজ উৎপাদন করে মোট ১,৬৫,০০,০০০/- টাকা আয় করেন। |
| ৭ | ৩ | জনাব সুরেশ্বর মল্লিক<br>পিতা: অধীর মল্লিক<br>মাতা: মায়া মল্লিক<br>কৃষক, গ্রাম-গোবিন্দকাটী, ডাকঘর-বরাতিয়া-৯২৫২<br>উপজেলা-ডুমুরিয়া, জেলা-খুলনা। | কৃষি উদ্যোক্তা | তিনি আধুনিক কলাকৌশল প্রয়োগের মাধ্যমে একই জমিতে বিষমুক্ত ০৩টি সাথী ফসল উৎপাদন করে জমির সর্বোত্তম ব্যবহার করেছেন। তিনি ২০১৭ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার অর্জন করেন। |
| ৮ | ৪ | জনাব মোঃ রুহুল আমীন<br>পিতা: মোঃ মজিবুর রহমান<br>মাতা: মোসাঃ রোকেয়া খাতুন<br>গ্রাম: লক্ষ্মীপুর<br>ডাকঘর: দৌলৎগঞ্জ- ৭২৩০<br>উপজেলা: জীবননগর,<br>জেলা: চুয়াডাঙ্গা। | স্বত্বাধিকারী<br>গ্রিন প্লানেট এগ্রো<br>জীবননগর, চুয়াডাঙ্গা। | তিনি আধুনিক পদ্ধতিতে স্ট্রবেরি, ড্রাগন, পেয়ারা, মাল্টা বাগান করে একজন তরুণ উদ্যোক্তা হিসেবে কৃষি অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তাঁর সৃজিত বাগানে বেকার যুবক-যুবতীর কর্মসংস্থান হয়েছে। |

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ৯ | ৫ | জনাব মোঃ সাখাওয়াত হোসেন<br>পিতা: মৃত সেহাব উদ্দিন<br>মাতা: মোছাঃ সাহেলা খাতুন<br>গ্রাম: কয়ড়া<br>ডাকঘর: ব্রহ্মগাছা-৬৭২০<br>উপজেলা: রায়গঞ্জ<br>জেলা: সিরাজগঞ্জ। | চেয়ারম্যান<br>এগ্রো বেইজড সোসিও ইকোনোমিক্যাল ডেভেলপমেন্ট সার্ভিসেস (এ্যাসেডস), রায়গঞ্জ, সিরাজগঞ্জ। | তিনি বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে বরেন্দ্র অঞ্চলে কৃষি উন্নয়নে ভূমিকা রেখেছেন। তিনি সিরাজগঞ্জের তাড়াশ ও রায়গঞ্জ উপজেলাধীন বিস্তীর্ণ এলাকার জলাবদ্ধতা নিরসনের মাধ্যমে অনাবাদী জমিকে তিন ফসলী আবাদী জমিতে পরিণত করছেন। |
| ১০ | ৬ | জনাব মোঃ আমিরুল ইসলাম<br>পিতা: মৃত নবির উদ্দিন প্রামানিক<br>মাতা: মৃত আমেনা খাতুন<br>গ্রাম: বুড়ামপুর<br>ডাকঘর: লক্ষ্মীকুন্ডা-৬৬২০<br>উপজেলা: ঈশ্বরদী,<br>জেলা-পাবনা। | স্বত্বাধিকারী<br>তন্ময় ডেইরী খামার, বরমপুর,<br>লক্ষ্মীকুন্ডা-৬৬২০<br>ঈশ্বরদী, পাবনা। | তিনি একজন সফল দুগ্ধ খামারী। তিনি ২০১২ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার এবং ২০২৩ সালে জাতীয় সমবায় পুরস্কার- পেয়েছেন। |
| ১১ | ৭ | জনাব মাছুদুল হক চৌধুরী<br>পিতা: মৃত নুরুল ঈমান চৌধুরী<br>মাতা: মৃত হোসনেয়ারা বেগম<br>গ্রাম ও ডাকঘর: হাজীপুর<br>উপজেলা: বেগমগঞ্জ,<br>জেলা: নোয়াখালী | স্বত্বাধিকারী<br>আলবারাকা মৎস্য খামার এন্ড হ্যাচারী, পূর্ব হাজিপুর, হাজিপুর, উপজেলা: বেগমগঞ্জ, জেলা: নোয়াখালী | তিনি কৃষি উৎপাদন, বাণিজ্যিক মৎস্য খামার ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পের মাধ্যমে কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। তিনি বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২২ পেয়েছেন। |
| ১২ | ৮ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>পিতা: মোঃ আ: রশীদ<br>মাতা: মৃত আনোয়ারা বেগম<br>গ্রাম: হাজীপাড়া দক্ষিণ বঠিনা,<br>ডাকঘর: ফাড়াবাড়ি,<br>উপজেলা: ঠাকুরগাঁও সদর,<br>জেলা: ঠাকুরগাঁও | কৃষি উদ্যোক্তা | তিনি একজন সফল মৌ চাষি এবং জৈবসারের বাণিজ্যিক উৎপাদনকারী। পতিত জমি আবাদের আওতায় এনে ২০১৯-২০২০ অর্থ বছরে তিনি মোট ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা আয় করেছেন। |
| ১৩ | ৯ | জনাব মোঃ সিরাজুল ইসলাম রেখন<br>পিতা: মৃত কটাই মিয়া<br>মাতা: তয়তুন নেছা<br>গ্রাম: হাটুভাঙ্গা<br>ডাকঘর: সার কারখানা-৩১১৭<br>উপজেলা: ফেঞ্চুগঞ্জ,<br>জেলা: সিলেট | স্বত্বাধিকারী<br>মেসার্স সিরাজ বহুমুখী খামার<br>হাটুভাঙ্গা, মাইজগাঁও<br>উপজেলা: ফেঞ্চুগঞ্জ<br>জেলা: সিলেট | তিনি একজন সফল কৃষি উদ্যোক্তা। বাণিজ্যিকভাবে (মাল্টা, থাই পেয়ারা, আম, কাঁঠাল, লিচু, কমলা, সফেদা, কুল বরই, সবজি ইত্যাদি অর্থকরী ফসল) চাষ করে ২০২১ অর্থ বছরে তিনি ১,৩৬,০০,০০০/- টাকা আয় করেছেন। |

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ১৪ | ১০ | জনাব মোঃ হযরত আলী<br>পিতা: মোঃ ইব্রাহিম খলিলউল্লাহ<br>মাতা: সাফিয়া বেগম<br>৬/০৬ ধলপুর, ওয়াসা গেইট, যাত্রাবাড়ি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | স্বত্বাধিকারী<br>মেসার্স মা-বাবার দোয়া ফ্রুট গার্ডেন নার্সারী এন্ড এগ্রোফার্ম, রৌহা মধ্যপাড়া,<br>উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর। | তিনি মাল্টা, থাইপেয়ারা, লটকন, রেডলেডি পেঁপে, আম, আনার, চালতা, আমড়া, কলা, সফেদা, লিচু, কদবেল, সরিফা, আঙ্গুর, লেবু, বড়ই, জলপাই ইত্যাদি ফলদ বৃক্ষের চারা ও ফল বিক্রি করে ২০২১-২২ অর্থ বছরে ১৫,১৩,০০,০০০/- টাকা আয় করেছেন। তিনি জাতীয় বৃক্ষ রোপণ অভিযান ও বৃক্ষ মেলা-২০২২ এ প্রথম স্থান অধিকার করেছেন। |

বিভাগ ‘গ’ - রপ্তানিযোগ্য কৃষি পণ্য উৎপাদন

নির্বাচিত-২ জন

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ১৫ | ১ | জনাব কে, এম, সবুজ<br>পিতা-নূর মোহাম্মদ খান<br>মাতা-মরিয়ম খানম<br>গ্রাম-আমবাগ পশ্চিম পাড়া<br>ডাকঘর-কোনাবাড়ী (নীলনগর)<br>উপজেলা: গাজীপুর সদর<br>জেলা: গাজীপুর | প্রতিষ্ঠাতা পরিচালক<br>লিভিং আর্ট গার্ডেন<br>গ্রাম-আমবাগ পশ্চিম পাড়া, ডাকঘর-কোনাবাড়ী<br>উপজেলা: গাজীপুর সদর<br>জেলা: গাজীপুর | তিনি একজন বনসাই শিল্পী। তিনি বাণিজ্যিকভাবে বনসাই নার্সারী গড়ে তুলেছেন এবং বনসাই রপ্তানি করেন। তিনি ‘বৃক্ষরোপণ জাতীয় পুরস্কার ২০১৯’ এবং সার্ক কালচারাল সোসাইটি থেকে বিশেষ সম্মাননা পেয়েছেন। |
| ১৬ | ২ | জনাব মোহাঃ রফিকুল ইসলাম<br>পিতা: মোঃ কয়েস উদ্দিন<br>মাতা: মোসাঃ রফিনা বেগম<br>গ্রাম: রাজারামপুর<br>ডাকঘর: নয়াদিয়াড়ী-৬৩২১,<br>উপজেলা: গোমস্তাপুর<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | কৃষি উদ্যোক্তা | তিনি বছরব্যাপী বারোমাসি আম উৎপাদন করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছেন। ২০২১ সালে খামার থেকে তাঁর আয় ছিল প্রায় ৩,৭৪,৯৬,০০০/- টাকা। |

<u>বিভাগ 'ঘ'</u> - স্বীকৃত বা সরকার কর্তৃক রেজিস্ট্রিকৃত কৃষি (ফসল/মৎস্য/প্রাণিসম্পদ/বনজসম্পদ উপখাতভুক্ত) সংগঠন

নির্বাচিত-৩ জন

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ১৭ | ১ | জনাব শাইখ সিরাজ<br>পিতা: মোহাম্মদ ওবায়দুল হক<br>মাতা: এরশাদুন নেসা<br>বাসা/হোল্ডিং: ৫৯৯/সি,<br>ডাকঘর: খিলগাঁও ১২১৯,<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা। | ব্যবস্থাপনা পরিচালক চ্যানেল আই, ৪০ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | তিনি একজন মিডিয়া ব্যক্তিত্ব। কৃষি বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান পরিকল্পনা, পরিচালনা ও উপস্থাপনার মাধ্যমে বাংলাদেশের কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। |
| ১৮ | ২ | জনাব সাহেলা আবেদীন (রীমা)<br>স্বামী: মহসিন উল আবেদীন<br>মাতা: রিজিয়া বেগম<br>বাসা: ডি/৬ এশিয়া আবেদীন রেসিডেন্সি, ৯ আবেদীন কলোনী, লাভলেইন, ডাকঘর: জিপিও চট্টগ্রাম-৪০০০, কোতয়ালী, চট্টগ্রাম। | প্রতিষ্ঠাতা, তিলোত্তমা চট্টগ্রাম | তিনি একজন পরিবেশ বিষয়ক সংগঠক। তাঁর সংগঠন 'তিলোত্তমা চট্টগ্রাম' এর মাধ্যমে চট্টগ্রাম শহরে প্রায় ২০০ ছাদ বাগান স্থাপন করেছেন। তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি বেসরকারি অফিসের পরিত্যক্ত স্থানে প্রায় ৩ লক্ষাধিক ফলদ, বনজ ও ঔষধি গাছ রোপণ করেছেন। তিনি বন ও পরিবেশ মন্ত্রণালয় কর্তৃক ২০১৩ সালে জাতীয় পুরস্কার লাভ করেন। |
| ১৯ | ৩ | জনাব শিখা রানী চক্রবর্তী<br>পিতা: গনেশ চন্দ্র চক্রবর্তী<br>মাতা: বীনাপানি চক্রবর্তী<br>গ্রাম: ধানদিয়া,<br>ডাকঘর: ধানদিয়া,<br>উপজেলা: কলারোয়া<br>জেলা: সাতক্ষীরা। | সভাপতি<br>ধানদিয়া সিআইজি মহিলা সমবায় সমিতি লিমিটেড, জয়নগর<br>গ্রাম: ধানদিয়া,<br>ডাকঘর: ধানদিয়া,<br>উপজেলা: কলারোয়া,<br>জেলা: সাতক্ষীরা। | তিনি একজন সফল কৃষি উদ্যোক্তা। কৃষি বিভাগ থেকে সম্প্রসারিত বিভিন্ন আধুনিক কৃষি প্রযুক্তি গ্রহণ এবং সাধারণ কৃষকের মাঝে সম্প্রসারণে তাঁর অবদান রয়েছে। |

বিভাগ 'ঙ' - বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদক প্রাপ্ত।
নির্বাচিত-৩ জন

| ক্রমিক নং | বিভাগ ভিত্তিক নং | নাম, পিতা/স্বামী, মাতার নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কৃষিক্ষেত্রে অবদান |
|---|---|---|---|---|
| ২০ | ১ | জনাব রাম নিবাস আগরওয়ালা<br>পিতা: মৃত ঘিষু লাল আগরওয়ালা<br>মাতা: মৃত পূর্ণী দেবী<br>গ্রাম: ছোটরাউতা<br>ডাকঘর: ডোমার-৫৩৪০<br>উপজেলা: ডোমার,<br>জেলা: নীলফামারী | স্বত্বাধিকারী<br>অন্নপূর্ণা এগ্রো সার্ভিস<br>গ্রাম-ছোটরাউতা,<br>উপজেলা-ডোমার,<br>নীলফামারী। | তিনি জৈবসার উৎপাদক ও গবেষক। ১৯৯৫ সাল থেকে তিনি উন্নত মানের কেঁচো ও বিভিন্ন জৈব বর্জ্য যেমন-গোবর, কচুরি পানা, কলা গাছ, খড়, হাড়ের গুড়া, সিং এর গুড়া, নিম খৈল, সয়াবিন খৈল, কাষ্ঠ চূর্ণ, ঝিনুক চূর্ণ ইত্যাদি কাঁচামাল দিয়ে জৈব সার উন্নয়নে গবেষণা করে যাচ্ছেন। তিনি 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২১' এ স্বর্ণপদক পেয়েছেন। |
| ২১ | ২ | জনাব মায়া রানী বাউল<br>স্বামী: জগদীশ চন্দ্র বাউল<br>মাতা: মৃত শ্যাম দাসী বাড়ৈ<br>গ্রাম: কান্দামাত্রা,<br>ডাকঘর: নবাবগঞ্জ- ১৩২০,<br>থানা: নওয়াবগঞ্জ, জেলা: ঢাকা। | স্বত্বাধিকারী<br>অমিত ডেইরি ফার্ম,<br>কান্দামাত্রা | তিনি একজন সফল বাণিজ্যিক কৃষি খামারি। তিনি 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২৪' এ স্বর্ণপদক পেয়েছেন। |
| ২২ | ৩ | জনাব মোঃ আব্দুল খালেক<br>পিতা-মৃত আলাউদ্দিন<br>মাতা-মৃত হালিমা বেগম<br>গ্রাম-উত্তর চক (পূবপাড়া)<br>ডাকঘর-দেবোত্তর-৬৬১০<br>উপজেলা-আটঘরিয়া,<br>জেলা-পাবনা। | কৃষি উদ্যোক্তা | তিনি একজন সফল বীজ উৎপাদনকারী। বীজ উৎপাদন ও সংরক্ষণে অসামান্য অবদান রাখায় তিনি 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২১' এ স্বর্ণপদক পেয়েছেন। |

০২। উল্লিখিত ব্যক্তিগণ কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি নীতিমালা ২০১৯ এর ১০ নং অনুচ্ছেদে উল্লিখিত সুযোগ সুবিধা জুলাই ২০২৪ হতে জুন ২০২৫ পর্যন্ত প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মলয় চৌধুরী**
অতিরিক্ত সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd